

আজকের রাশিফল

॥ ৪ মার্চ, রবিবার, ২০০৭ ॥

পাশ্চাত্য জ্যোতিষ পদ্ধতি অনুযায়ী রবি আজ মীন রাশিতে অবস্থান করছে। আজ যদি আপনার জন্মদিন হয় তবে পাশ্চাত্য জ্যোতিষে আপনি মীন রাশির জাতক/ জাতিকা। আপনার জন্মসংখ্যা ৪। আপনার ওপর প্রভাবকারী গ্রহঃ বৃহস্পতি ও ইউরেনাস। আপনার শুভ সংখ্যাঃ ৪, ১৩, ২২, ৩১। শুভবারঃ বৃহস্পতি ও রবি। শুভবর্ণঃ হলুদ, গোলাপী, বেগুনী ও নীল। শুভরত্নঃ পোখরাজ, একুয়ামেরিন ও নীলা।

প্রকৃতিগতভাবে আপনি মৌলিক চিন্তা-ভাবনার অধিকারী। নিজের মতে চলতে চান। আপনি একটু চাপা, তাই লোকে আপনাকে ভুল বুঝবে। পরিকল্পনা বাস্তবায়নে নিজের উপর পুরোপুরি নির্ভর করতে হবে। আপনার ইনটুইশন প্রখর। জীবনের প্রথমভাগে আপনি অনেক বাধা ও দুঃখের মুখোমুখি হবেন।

জন্মগ্রহণকারী বিশিষ্ট ব্যক্তিত্বঃ ব্যারিস্টার মইনুল হোসেন, আকন্দ সানোয়ার মোর্শেদ, বিজ্ঞানী জর্জ গেমো প্রমুখ।

দ্বাদশ রাশির পূর্বাভাস



মেস রাশি (২১ মার্চ-২০ এপ্রিল) ॥ আজ কেউ আপনার নামে মিথ্যা দুর্নাম রটাতে পারে। পারিবারিক দিক ভালো যাবে। প্রেমিক/ প্রেমিকাদের জন্য দিনটি শুভ নয়। শরীর মোটামুটি ভালো যাবে বলে আশা করা যায়। ব্যয় বৃদ্ধি পাবে।



বৃষ রাশি (২১ এপ্রিল-২০ মে) ॥ স্বাস্থ্যগত সমস্যা দেখা দিতে পারে। জরুরী কাজ সকালের দিকে সেরে নিন। মন খুব একটা ভালো থাকবে না। পারিবারিক সুসম্পর্ক বজায় থাকবে। আয়-ব্যয় সমন্বয় করা কঠিন হবে।



মিথুন রাশি (২১ মে-২০ জুন) ॥ মানসিক অস্থিরতা দেখা দিতে পারে। কাজকর্মে মন বসানো কঠিন হবে। পারিবারিক কারণে মন খুব একটা ভালো থাকবে না। আর্থিক উৎসগুলো সচল থাকবে। যাত্রা ও যোগাযোগ শুভ।



কর্কট রাশি (২১ জুন-২০ জুলাই) ॥ পরিবারের সদস্যদের জন্য মন কিছুটা উদ্বিগ্ন থাকতে পারে। বাড়িতে কোন ধরনের শুভ অনুষ্ঠান হতে পারে। কাজকর্মে মনসংযোগ বৃদ্ধি পেতে পারে। পাওনা টাকা আদায় হতে পারে। যাত্রা ও যোগাযোগ শুভ।



সিংহ রাশি (২১ জুলাই-২১ আগস্ট) ॥ যেকোন কাজে সফলতা পেতে পারেন। তবে নিজের কাজ রেখে অন্যের কাজে নাক না গলালেই ভালো করবেন। সন্তানের কোন ব্যাপারে দুশ্চিন্তা দেখা দিতে পারে। কলহ-বিবাদ এড়িয়ে চলার চেষ্টা করুন। যাত্রা ও যোগাযোগ শুভ।



কন্যা রাশি (২২ আগস্ট-২২ সেপ্টেম্বর) ॥ কবি, লেখক ও সাহিত্যিকদের জন্য দিনটি শুভ সম্ভাবনাময়। প্রতিভা বিকাশের সুযোগ পেতে পারেন। পারিবারিক দিক খুব একটা ভালো যাবে না। মন ভালো থাকবে না। আয় বৃদ্ধি পেতে পারে।



তুলা রাশি (২৩ সেপ্টেম্বর-২২ অক্টোবর) ॥ ব্যবসায়ীদের জন্য দিনটি শুভ সম্ভাবনাময়। সাংসারিক ব্যাপারে মানসিক অস্থিরতা দেখা দিতে পারে। মাথা ঠাণ্ডা রেখে পরিস্থিতি মোকাবিলা করুন। আজ কাউকে টাকা ধার দিবেন না। দূরের যাত্রা শুভ।



বৃশ্চিক রাশি (২৩ অক্টোবর-২১ নভেম্বর) ॥ আর্থিক দিক খুব একটা ভালো যাবে না। পিতার সাথে মনমালিন্য সৃষ্টি হতে পারে। ব্যবসায়িক দিক মোটামুটি ভালো যাবে। চিত্তচাঞ্চল্য পরিহার করার চেষ্টা করুন। অর্থ প্রাপ্তির যোগ আছে।



ধনু রাশি (২২ নভেম্বর-২০ ডিসেম্বর) ॥ কোন ধরনের আইনি ঝামেলায় জড়িয়ে পড়তে পারেন। তবে জয়ের সম্ভাবনা আপনারই বেশি। মনোবল বৃদ্ধি পাবে। রোমান্টিক প্রস্তাবে সাড়া পেতে পারেন। ভ্রমণ যোগ আছে।



মকর রাশি (২১ ডিসেম্বর-১৯ জানুয়ারী) ॥ পারিবারিক শান্তি বজায় থাকবে। কোন ব্যক্তির দ্বারা প্রতারণিত হবার আশঙ্কা রয়েছে। বিদ্যার্থীদের জন্য দিনটি মিশ্র সম্ভাবনাময়। আর্থিক দিক ভালো যাবে। কোন শুভ সংবাদ পেতে পারেন।



কুম্ভ রাশি (২০ জানুয়ারী-১৮ ফেব্রুয়ারী) ॥ পিতা-মাতার শরীর-স্বাস্থ্য খুব একটা ভালো যাবে না। বিদ্যার্থীদের জন্য দিনটি শুভ নয়। নতুন বিনিয়োগ ফলপ্রসূ হতে পারে। পারিবারিক দুশ্চিন্তা দেখা দিতে পারে। রোমান্টিক প্রস্তাবে সাড়া পেতে পারেন।



মীন রাশি (১৯ ফেব্রুয়ারী-২০ মার্চ) ॥ অনেকদিনের মনের কোন লালিত প্রত্যাশা পূর্ণতা পেতে পারে। কাজকর্মে বাধার সম্মুখীন হতে পারেন। নতুন বিনিয়োগে সফলতা পেতে পারেন। আর্থিক দিক ভালো যাবে। প্রাপ্তি যোগ আছে।